দৈনিক সংবাদ

তারিখ 23 SEP 1996 পৃষ্ঠা ১ কলাম ৫

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ভিসি পদে 'নীল' ও 'সাদা' দলের প্যানেল চূড়ান্ত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্য প্যানেল নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য আওয়ামী লীগ সমর্থিত 'নীল' গ্রুপ এবং বিএনপি ও জামাত সমর্থিত 'সাদা' গ্রুপের শিক্ষকরা নিজ নিজ গ্রুপের ৩ জনের প্যানেল চূড়ান্ত করেছে। গত শনিবার সাদা গ্রুপ এবং গতকাল রোববার নীল গ্রুপ আলাদা আলাদাভাবে তাদের এ প্যানেল চূড়ান্ত করে।

আগামী ২৫শে সেপ্টেম্বর অনুষ্ঠিতব্য সিনেট অধিবেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের

প্যানেল ঃ পৃঃ ১১ কঃ ৩

## প্যানেল ঃ চূড়ান্ত

(১ম পৃষ্ঠার পর)

ভিসি প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হবে। নিয়ম অনুযায়ী সিনেট সদস্যদের ভোটের মাধ্যমে সর্বাধিক ভোট প্রাপ্ত ৩ জনের মধ্য থেকে যেকোন একজনকে চ্যান্সেলর ভিসি হিসেবে নিয়োগ দেবেন। এবারের নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিত 'নীল' এবং বিএনপি ও জামাত সমর্থিত 'সাদা' গ্রুপ ভিসি প্যানেল নির্বাচনে অংশ নিচ্ছে। বাম সমর্থিত 'গোলাপী' গ্রুপ এ নির্বাচনে অংশ নিচ্ছেনা। ফলে গোলাপী গ্রুপের সিনেট সদস্যদের সাথে 'নীল' ও 'সাদা' গ্রুপের সদস্যরা ব্যাপকভাবে লবিং চালিয়ে যাচ্ছেন।

এবারের ভিসি প্যানেল নির্বাচনে 'গোলাপী' গ্রুপের ভোটাররা 'নীল' গ্রুপকেই বেশি সমর্থন দেবে। তবে 'সাদা' গ্রুপেও তাদের কিছু সমর্থন যাবে।

'নীল' দলের প্রথমে প্রায় ১৬ জন শিক্ষক ভিসি পদে প্রার্থী ছিলেন। এরপর তা থেকে কমিয়ে ৬জনে আনা হয়, কিন্তু শেষে দলীয় শিক্ষকদের গোপন ব্যালটে ভোটের মাধ্যমে ৩ জনের নাম চূড়ান্ত করা হয়।

গতকাল রোববার কার্জন হলের ক্যাফেটারিয়ায় দলীয় শিক্ষকদের গোপন ব্যালটে ভোটের মাধ্যমে যে ৩ জনের নাম চূড়ান্ত করা হয় তারা হচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ডঃ এটিএম জহুরুল হক, আওয়ামী লীগের উপদেষ্টামন্ডলীর সদস্য ও ফার্মেসি অনুষদের ডীন অধ্যাপক ডঃ এ, কে, আজাদ চৌধুরী এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাবেক সভাপতি ও জীব বিজ্ঞান অনুষদের সাবেক ডীন অধ্যাপক ডঃ শাহাদাত আলী।

নীল গ্রুপের একজন প্রভাবশালী নেতা জানান, তাদের প্যানেল দলীয় শিক্ষকদের ভোটের মাধ্যমে হয়েছে। তবে কে কত ভোট পেয়েছেন এবং মোট কতজন ভোটে অংশ নেন তা বলা যাবে না। যারা প্যানেল নির্বাচনে বিজয়ী হতে পারেননি সে সমস্ত শিক্ষক নেতা দলীয় প্রার্থীকে সমর্থন দেবেন বলে তিনি আশা করেন।

সাদা গ্রুপ শনিবার বিকেলে ৩ জনের একটি প্যানেল চূড়ান্ত করেন। এই ৩ জন হচ্ছেন ঃ সাবেক প্রো-ভিসি ও বাংলা বিভাগের অধ্যাপক ডঃ ওয়াকিল আহমদ, অধ্যাপক মাহমুদুল আমীন ও অধ্যাপক সুলতান হোসেন খান।